

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সমন্বয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬৫.১৬.১০৬.১৮.১২১

তারিখ: ৬ চৈত্র ১৪২৪

২০ মার্চ ২০১৮


বিষয়: ২২ মার্চ, ২০১৮ স্বল্পোন্নত দেশের স্ট্যাটাস হতে বাংলাদেশের উত্তরণের যোগ্যতা অর্জনের ঐতিহাসিক সাফল্য উদযাপন উপলক্ষে শোভাযাত্রায় অংশগ্রহণ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে স্বল্পোন্নত দেশের স্ট্যাটাস হতে বাংলাদেশের উত্তরণের যোগ্যতা অর্জনের ঐতিহাসিক সাফল্য উদযাপন উপলক্ষে আসছে ২২ মার্চ, ২০১৮ তারিখ বর্ণাঢ্য শোভাযাত্রা করা হবে। উক্ত শোভাযাত্রায় অংশগ্রহণের জন্য সরকারি, বেসরকারি বিশ্ববিদ্যালয় ও কলেজ স্ব স্ব প্রতিষ্ঠানের শিক্ষকদের সমন্বয়ে শিক্ষার্থী (প্রয়োজনীয় সংখ্যক) এবং কর্মরত কর্মকর্তা ও কর্মচারীসহ বিকেল ৩.৩০ মিনিট ঢাকা বিশ্ববিদ্যালয়ের (জিমনেসিয়াম) মাঠ সংলগ্ন এলাকায় আবশ্যিকভাবে সমবেত হওয়ার নির্দেশক্রমে অনুরোধ করা হল।

০২. উল্লেখ্য যে, ইতোমধ্যে এ বিভাগ হতে প্রেরিত (সফট কপি) প্ল্যাকার্ড/ফেস্টুন নমুনা মোতাবেক প্ল্যাকার্ড ও ফেস্টুন এবং অধিদপ্তর-দপ্তর-সংস্থা সমূহের নিজস্ব প্ল্যাকার্ড/ফেস্টুন থাকলে তাও নিয়ে শোভাযাত্রায় অংশগ্রহণের অনুরোধ করা হল।

০৩. প্রতিটি অধিদপ্তর-দপ্তর-সংস্থা প্রেরিত নমুনা মোতাবেক ডিসপ্লে বোর্ড (৮ ফুট x ৫ ফুট) স্ব স্ব কার্যালয়ের সামনে স্থাপন করারও অনুরোধ করা হলো।

০৪. বিষয়টি অতীব জরুরি।



২০-৩-২০১৮

মোঃ সারওয়ার হোসেন

উপ-সচিব

ফোন: ৯৫৭৭০৯৭

ইমেইল: sas_s4@moedu.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, ঢাকা।
- ২) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর


স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬৫.১৬.১০৬.১৮.১২১/১(৪)

তারিখ: ৬ চৈত্র ১৪২৪

২০ মার্চ ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলঃ

- ১) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সচিব এর একান্ত সচিব (প্রতিকল্প), সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৪) অতিরিক্ত সচিব, কলেজ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



২০-৩-২০১৮

মোঃ সারওয়ার হোসেন

উপ-সচিব